সংবাদ

তারিখ 07 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# কিশোরগঞ্জে মাদ্রাসা শিক্ষককে লাঞ্ছিত করলেন সভাপতি

**প্রতিনিধি, কিশোরগঞ্জ**

কর্মস্থলে বিলম্বে হাজির হওয়ার অভিযোগ তুলে কিশোরগঞ্জে এক মাদ্রাসা শিক্ষককে শারীরিকভাবে লাঞ্ছিত করেছেন মাদ্রাসাটির প্রতিষ্ঠাতা সভাপতি। এর আগেও তিনি ও তার ছেলে দু'জন শিক্ষককে একইভাবে লাঞ্ছিত করেন বলে জানা গেছে। এলাকাবাসী জানায়, শহরতলির কলাপাড়া এলাকার হাজী আব্দুল গফুর দাখিল মাদ্রাসার শিক্ষক জহিরুল ইসলামকে গত সোমবার, বিলম্বে মাদ্রাসায় যাওয়ার অজুহাত তুলে অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীদের সামনেই সভাপতি আব্দুল গফুর শারীরিকভাবে লাঞ্ছিত ও অপমান করেন। এ নিয়ে অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে ক্ষোভ বিরাজ করছে বলে জানা গেছে। কিছুদিন আগে আরো দুই শিক্ষককে সভাপতি আব্দুল গফুর ও তার ছেলে প্রহার করেছেন বলে অভিযোগ রয়েছে। এ ব্যাপারে মাদ্রাসার সুপার আব্দুল হাই জানান, বিষয়টি আমাদের জন্য খুবই লজ্জার। ঘটনার পর থেকে আমি বিকাল পর্যন্ত খাওয়াদাওয়া পর্যন্ত করতে পারিনি। তিনি জানান, শিক্ষক জহিরুল ইসলাম মাত্র ৫ মিনিট বিলম্বে এসেছিলেন। এই অপরাধেই তাকে অপমান করা হয়েছে। বিষয়টি জানার পর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরফদার মো. আক্তার জামীল মাদ্রাসা সুপারকে খবর দিয়েছেন সভাপতিকে নিয়ে তার অফিসে যাওয়ার জন্য।